# পরিক্রমা

সংখ্যা # ৭৫: ডিসেম্বর ২০১৮

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**

**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: www.sec.gov.bd, www.secbd.org, http://www.এসইসিবিডি. বাংলা

E-mail: secbd@bdmail.net

# সূচিপত্র


| ক্রমিক | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | ০৪ |
| ২. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | ০৫ |
| ৩. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | ০৬ |
| ৪. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলি | ০৭ |
| ৫. | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | ০৮ |
| ৬. | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | ১৫ |
| ৭. | কর্পোরেট ফাইন্যান্স | ১৬ |
| ৮. | ক্যাপিটাল ইস্যু | ১৭ |
| ৯. | সার্ভেল্যান্স | ২০ |
| ১০. | নিবন্ধন | ২২ |
| ১১. | মিউচুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি (এমএফ অ্যান্ড এসপিভি) | ২৩ |
| ১২. | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ | ২৪ |
| | (এসআরএমআইসি) | |
| ১৩. | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | ৩০ |
| ১৪. | এনফোর্সমেন্ট | ৩১ |
| ১৫. | আইন | ৩২ |
| ১৬. | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | ৩৩ |
| ১৭ | এমআইএস | ৩৪ |
| ১৮ | গবেষণা ও উন্নয়ন | ৩৬ |
| ১৯ | ফিন্যান্সিয়াল লিটারেসি | ৩৭ |
| ২০ | আন্তর্জাতিক সম্পর্ক | ৩৮ |
| ২১ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিক্স | ৩৯ |
| ২২ | প্রেস রিলিজ | ৪০ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ৮ জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হল সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা ও জনাব খোন্দকার কামালউজ্জামান।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে ‘A’ ক্যাটাগরিতে উন্নীত করে।

# ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



ড. স্বপন কুমার বালা, এফসিএমএ
**কমিশনার**



জনাব খোন্দকার কামালউজ্জামান
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

| ক্রমিক | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগের নাম |
|---|---|---|
| ১ | জনাব ফরহাদ আহমেদ | এসআরআই এবং সিডিএস বিভাগ |
| ২ | মিসেস রুকসানা চৌধুরী | ক্যাপিটাল ইস্যু, এনফোর্সমেন্ট, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা এবং এএমএল/সিএফটি উইং |
| ৩ | ড. এ.টি.এম. তারিকুজ্জামান | বর্তমানে লিয়েনে নিউজিল্যান্ড এ অবস্থান করছেন |
| ৪ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | এসআরএমআইসি এবং প্রশাসন ও অর্থ |
| ৫ | জনাব মোঃ সাইফুর রহমান | সার্ভেল্যান্স বিভাগ, প্রকল্প পরচিালক এবং কমিশনের মুখপাত্র |
| ৬ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | এমআইএস এবং গবেষণা ও উন্নয়ন |
| ৭ | জনাব এম হাছান মাহমুদ | মিউচুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ৮ | জনাব মাহবুবুল আলম | নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক, ফাইন্যান্সিয়াল লিটারেসি এবং মহাপরিচালক, বাংলাদেশে একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম) |
| ৯ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | সিএমআরআরসি এবং আইন বিভাগ |

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব

| ক্রমিক | নাম | বিভাগের নাম |
|---|---|---|
| ০১ | জনাব কামরুল আনাম খান | ক্যাপিটাল ইস্যু |
| ০২ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু এবং ফিন্যান্সিয়াল লিটারেসি |
| ০৩ | জনাব মোহাম্মদ শফিউল আজম | এসআরআই |
| ০৪ | জনাব রিপন কুমার দেবনাথ | সিএমআরআরসি |
| ০৫ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | এনফোর্সমেন্ট |
| ০৬ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | নিবন্ধন |
| ০৭ | জনাব মোঃ মাহমুদুল হক | মিউচুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ০৮ | জনাব প্রদীপ কুমার বসাক | ক্যাপিটাল ইস্যু এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ০৯ | জনাব রাজিব আহমেদ | এমআইএস |
| ১০ | জনাব মোঃ আবুল কালাম | অর্থ |
| ১১ | জনাব মোঃ মনসুর রহমান | এসআরএমআইসি |
| ১২ | জনাব মোহাম্মদ আবুল হাসান | প্রশাসন |
| ১৩ | জনাব শেখ মাহবুব উর রহমান | সার্ভেল্যান্স |
| ১৪ * | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিবালয় এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ১৫ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | গবেষণা ও উন্নয়ন |

* পরিচালক ও কমিশন সচিব

## ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলি

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোনো দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এরূপ নিরপেক্ষ জবাবদিহিতামূলক একটি পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বিএসইসি প্রতিষ্ঠিত হয়। যার মূল উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন ।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত হয়, যাঁরা সরকার কর্তৃক চার বছর মেয়াদের জন্য নিযুক্ত হন এবং তাঁদের চাকরির শর্তাবলি সরকার কর্তৃক স্থিরীকৃত হয়। সরকার তাঁদের ৬৫ বছর বয়স অনতিক্রম সাপেক্ষে পুনঃনিয়োগ দিতে পারেন। কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপঃ

- সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন;
- বিধি প্রণয়ন:
- বাজার তদারকি ও সার্ভেল্যান্স, কর্পোরেট গভর্ন্যান্স, এনফোর্সমেন্ট কার্যাবলি এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ;
- পুঁজিবাজার ও বাজার মধ্যস্থতাকারীদের নিয়ন্ত্রণ; এবং
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

# ৫. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম

## বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮




৭ অক্টোবর ২০১৮ তারিখে বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮' এর উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম।

বিশ্বের সকল পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের সমন্বয়কারী ও তাদের বৈশ্বিক মান নিরূপণকারী প্রতিষ্ঠান IOSCO দ্বিতীয়বারের মতো ১-৭ অক্টোবর ২০১৮ তারিখে বিশ্বেরে সকল সাধারণ বিনিয়োগকারীগণের জন্য 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮' কর্মসূচি ঘোষণা করে। 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮' IOSCO-এর একটি বিশ্বব্যাপী প্রচারাভিযান, যা বিনিয়োকারীদের সুরক্ষা ও শিক্ষা বিষয়ে সিকিউরিটিজ নিয়ন্ত্রণকদের নেয়া বিভিন্ন উদ্যোগকে তুলে ধরার মাধ্যমে বিনিয়োগকারীর শিক্ষা ও সুরক্ষার গুরুত্ব সম্পর্কে সচেনতা সৃষ্টি করেছে। IOSCO এবং পৃথিবীর ৬টি মহাদেশে মোট ৮৪টি দেশ IOSCO সদস্যগণ বিনিয়োগকারী কেন্দ্রিক যোগাযোগ ও পরিষেবা চালু, বিনিয়োগকারীদের শিক্ষা ও সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা ও সম্মেলন আয়োজনের মাধ্যমে 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮' পালন করেছে। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ৭-১১ অক্টোবর, ২০১৮ এই সপ্তাহ উদ্‌যাপন করে। এরই অংশ হিসেবে ৭ অক্টোবর, ২০১৮ তারিখ সকাল ১০ টায় কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন স্টোকহোল্ডার ও বিপুল সংখ্যক বিনিয়োগকারীর অংশগ্রহণে বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনের সভাপতিত্বে গণপ্রজান্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮'-এর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম।




'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮'-এর উদ্বোধন অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি কে সম্মানসূচক ক্রেস্ট প্রদান করেন বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন

উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি বলেন, পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা প্রতিষ্ঠার ২৫ বছর পূর্ণ হয়েছে। দু'টি বিপর্যয় বিনিয়োগকারীদের চিন্তা বাড়িয়েছে। তবে বর্তমান কমিশন গত আট বছর নিষ্ঠার সাথে কাজ করে পুঁজিবাজারের সংস্কার প্রক্রিয়া এগিয়ে নিয়েছে। বাংলাদেশে এখনো একটি শক্তিশালী পুঁজিবাজার প্রতিষ্ঠা করা যায়নি। তবে এর ভিত তৈরি হয়েছে। ভবিষ্যতে দেশে একটি শক্তিশালী পুঁজিবাজার গড়ে উঠবে।

অর্থমন্ত্রী বলেন, আগামী পাঁচ বছর দেশের অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। অর্থনৈতিক অগ্রযাত্রার এ ধারাবাহিকতা রক্ষা করা গেলে ২০৩০ সালের পূর্বে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত ও সমৃদ্ধ দেশে উত্তরণের স্বপ্ন স্বার্থক হবে। এক্ষেত্রে ব্যক্তিখাতের বিনিয়োগ খুবই গুরুত্বপূর্ণ উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, পুঁজিবাজারকে স্থিতিশীল ও শক্তিশালী করতে সরকারের পক্ষ থেকে নেয়া উদ্যোগগুলো অব্যাহত থাকলে বিনিয়োগকারীরা এর সুফল পাবেন। পাশাপাশি তিনি বিনিয়োগকারীদের সচেতনতা ও সতর্কতার ওপরও গুরুত্বারোপ করেন।




‘বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮’-এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম

অনুষ্ঠানের বিশেষ অতিথি অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মো. আসাদুল ইসলাম বলেন, সারা বিশ্বেই বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষাকে গুরুত্ব দেয়া হয়। বাংলাদেশেও সেরূপ গুরুত্ব দেয়া হয়েছে। বিএসইসি শেয়ারবাজারে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। বিনিয়োগকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, দ্রুত মুনাফা লাভের ইচ্ছা ত্যাগ করতে হবে। এজন্য বিনিয়োগ শিক্ষার বাস্তব প্রয়োগ আবশ্যক।

স্বাগত বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন ‘বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮’-এর উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথিসহ সকলকে স্বাগত জানিয়ে বলেন, গত বছরের ‘বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭’ যে সাফল্যের সাথে বিশ্বব্যাপী উদ্‌যাপিত হয়েছে তাতে IOSCO উৎসাহিত হয়ে অব্যাহতভাবে এই কার্যক্রম প্রতিবছর চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। বাংলাদেশে দ্বিতীয়বারের মতো বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালিত হচ্ছে। IOSCO কর্তৃক বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উদ্‌যাপন করার অনেক পূর্বেই বিএসইসি বিনিয়োগকারীদের জন্য বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম শুরু করে। এই সচেতনতামূলক কার্যক্রমে যিনি উৎসাহ ও অনুপ্রেরণা যুগিয়েছেন তিনি হলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০১৭ সালের ৮ জানুয়ারি মাননীয় প্রধানমন্ত্রী দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কর্মসূচির উদ্বোধন করেন। সেখান থেকে এ কর্মসূচি গতি পেয়েছে। বর্তমানে বিনিয়োগকারী শিক্ষা ও সুরক্ষার কথা বলা হচ্ছে। একজন বিনিয়োগকারীকে সবচেয়ে বেশি সুরক্ষা দিতে পারে পুঁজিবাজার বিষয়ে তার জ্ঞান। এজন্য বিনিয়োগকারীকে তাঁর পুঁজির সুরক্ষার জন্য প্রথমেই পুঁজিবাজারের বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত হতে হবে। বিএসইসি বিনিয়োগকারী সুরক্ষার জন্য প্রথমেই বিনিয়োগ শিক্ষা প্রচলন করেছে এবং এ লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রেখেছে।



‘বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৮’-এর উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিএসইসি’র চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন

তিনি আরো বলেন, বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উদ্‌যাপনের মাধ্যমে উন্নত দেশগুলোর কর্মকাণ্ড, বিভিন্ন প্রোডাক্ট, মার্কেট মেকানিজম ও এর পরিবর্তন এবং নতুন আইন-কানুন সম্পর্কে জ্ঞান লাভের মাধ্যমে বিএসইসি সামনের দিকে এগিয়ে যাচ্ছে। বিনিয়োগকারী সুরক্ষার সর্বপ্রথম উপাদানই হলো বিনিয়োগ শিক্ষা।

বিএসইসি বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে কাজ করে যাচ্ছে। বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ন করে এমন যেকোনো কর্মকাণ্ড থেকে তিনি ইন্টারমিডিয়ারি প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সবাইকে বিরত থাকার আহ্বান জানান। তিনি বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষায় নিরীক্ষক ও মার্চেন্ট ব্যাংকারদেরও যথাযথ দায়িত্ব পালন করার উপর গুরুত্বারোপ করেন।

বুক বিল্ডিং পদ্ধতির আইপিওতে অতি মূল্যায়নের অভিযোগ সম্পর্কে কমিশনের চেয়ারম্যান বলেন, বিএসইসি সাধারণ বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর তুলনায় সাধারণ বিনিয়োগকারীদের ১০ শতাংশ কম মূল্যে শেয়ার বরাদ্দের বিধান করেছে। তারপরও যদি প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা আইপিও’র শেয়ার দর নির্ধারণে দায়িত্বশীল ভূমিকা পালনে ব্যর্থ হয়, তাহলে কমিশন বুক বিল্ডিং পদ্ধতি স্থগিত করবে, প্রয়োজনে তা বাতিলও করবে। বুক বিল্ডিং পদ্ধতিতে এ ধরনের পরিস্থিতি এড়াতে তিনি কাট-আপ প্রাইস নির্ধারণে যোগ্য বিনিয়োগকারীদের যথাযথ দায়িত্ব পালনের আহ্বান জানান। একই সাথে লিস্টিং পরবর্তী পাঁচ বছর লভ্যাংশ দেয়ার সক্ষমতা নেই এমন কোম্পানিকে বাজারে না আনার ব্যাপারেও গুরুত্বারোপ করেন।




বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদের সঞ্চালনায় সেমিনারে প্যানেল আলোচনায় অংশ নেন সিএসই'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এম. সাইফুর রহমান মজুমদার, সিডিবিএল'র ব্যবস্থাপনা পরিচালক জনাব শুভ্র কান্তি চৌধুরী ও বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব মোঃ নাসির উদ্দিন চৌধুরী। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক মাহবুবুল আলম

উদ্বোধনী অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে 'বিনিয়োগ শিক্ষার গুরুত্ব ও বিনিয়োগকারীদের সুরক্ষা' সেমিনার অনুষ্ঠিত হয়। বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদের সঞ্চালনায় সেমিনারে প্যানেল-আলোচনায় অংশ নেন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ব্যবস্থাপনা পরিচালক জনাব এম. সাইফুর রহমান মজুমদার, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব শুভ্র কান্তি চৌধুরী ও বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট জনাব মোঃ নাসির উদ্দিন চৌধুরী। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসি'র নির্বাহী পরিচালক মাহবুবুল আলম।

# পুঁজিবাজারের উন্নয়নে উল্লেখযোগ্য অবদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত-কে বিএসইসি কর্তৃক সংবর্ধনা জ্ঞাপন



পুঁজিবাজারের উন্নয়নে উল্লেখযোগ্য অবদানের জন্য মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এমপি কে ৪ঠা ডিসেম্বর ২০১৮ তারিখে তাঁর সম্মানে আয়োজিত ঢাকার হোটেল ইন্টার কন্টিনেন্টালের অনুষ্ঠানে বিএসইসি কর্তৃক সংবর্ধনা জ্ঞাপন করা হয়

কমিশন ৪ ডিসেম্বর ২০১৮ তারিখে ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে আয়োজিত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি কে বাংলাদেশের পুঁজিবাজার উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য সংবর্ধনা জ্ঞাপন করে। বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মোঃ আসাদুল ইসলাম, বিএসইসি'র কমিশনার প্রফেসর মোঃ হেলাল উদ্দিন নিজামী, ড.স্বপন কুমার বালা, খোন্দকার কামালউজ্জামান, বিএসএসির সকল কর্মকর্তা ও কর্মচারী এবং পুঁজিবাজারে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ।

মাননীয় অর্থমন্ত্রী বলেন, বাংলাদেশের পুঁজিবাজারে দু'বার ধ্বস হয়েছে। এই দু'বারই হয়েছে আওয়ামী লীগ সরকারের আমলে, যা সরকারের জন্য বিব্রতকর একটি বিষয় ছিল। ২০১০ সালে পুঁজিবাজারে ধ্বসের পর ভবিষ্যতে এ ধরনের পরিস্থিতি যেন আর না হয় সে জন্য ২০১১ সালে কমিশনকে পুনঃগঠন করা হয়। পুনঃগঠনের পর সংস্থাটি পুঁজিবাজারে ব্যাপক সংস্কার করেছে। এতে বাজারের ভিত্তি শক্তিশালী হয়েছে। বর্তমান কমিশন তার দক্ষতা ও সক্ষমতার মাধ্যমে পুঁজিবাজারকে ভালোভাবেই এগিয়ে নিয়ে যাচ্ছে। বিশেষ করে প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে পুঁজিবাজারে নতুন কোম্পানির তালিকাভুক্তির কাজ ভালভাবেই হচ্ছে। প্রতি বছর গড়ে ১০-১২টি আইপিও আসছে। বর্তমানে যুগোপযোগী সিকিউরিটিজ বিধিমালা প্রবর্তন ও আইন-কানুন পরিপালন নিশ্চিতকরণের মাধ্যমে বিএসইসি একটি আদর্শ প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়েছে। তিনি তাঁর অবসর জীবনেও পুঁজিবাজার উন্নয়নে সর্বাত্মক সহযোগিতা প্রদানের অঙ্গীকার করেন।




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি কে সম্মানসূচক ক্রেস্ট উপহার দেন বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। কমিশনার প্রফেসর মোঃ হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা এবং খোন্দকার কামালউজ্জামান। এছাড়া বিএসইসি'র সকল কর্মচারী স্বাক্ষরিত একটি স্মারকও প্রদান করেন

বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বলেন, পুঁজিবাজারের উন্নয়নে মাননীয় অর্থমন্ত্রীর অবদান অনস্বীকার্য। পুঁজিবাজার সংক্রান্ত যে কোনো বিষয় তিনি গুরুত্ব দিয়ে বিবেচনা করেছেন। ডিমিউচুয়ালাইজেশনের মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত তাঁর সুচিন্তিত নির্দেশনা ও সক্রিয় সহযোগিতার কারণে বাস্তবায়ন সম্ভব হয়েছে। দেশের পুঁজিবাজারের সম্ভাবনার দিকটি তুলে ধরে তিনি বলেন, বর্তমানে পুঁজিবাজারের ভিত্তি ও আইনি কাঠামো মজবুত হয়েছে। এখন সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে পুঁজিবাজার। খুব শীঘ্রই পুঁজিবাজারে স্মল ক্যাপ প্লাটফর্ম ও ক্লিয়ারিং এন্ড সেটেলমেন্ট কোম্পানি গঠন করা হবে। ২০১৯ সাল দেশের পুঁজিবাজারের ইতিহাসে একটি উল্লেখযোগ্য বছর হবে–এই মর্মে তিনি আশা প্রকাশ করেন।

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম বলেন, মাননীয় অর্থমন্ত্রীর পুঁজিবাজারের উন্নয়ন ও স্থিতিশীলতা আনয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। বিএসইসি'র কমিশনার প্রফেসর হেলাল উদ্দিন নিজামী মাননীয় অর্থমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, পুঁজিবাজারের বিভিন্ন ধরনের সংস্কার কাজে মাননীয় অর্থমন্ত্রীর প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতা রয়েছে। বিএসইসি'র কমিশনার ড. স্বপন কুমার বালা, প্রাক্তন কমিশনার জনাব মোঃ আরিফ খান এবং বিএসইসি'র নির্বাহী পরিচালক ফরহাদ আহমেদ উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

## ৬. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

* এ সময়ে নিম্নোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি করা হয়েছে :

| ক্রমিক | বিষয় | শ্রেণি বিভাগ | সূত্র |
|---|---|---|---|
| ১. | মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের (Close-end Mutual Fund)-এর মেয়াদ পুনঃনির্ধারণ | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৭/২১০/প্রশাসন/৮৩ তারিখ: ০২ অক্টোবর ২০১৮ |
| ২. | শতভাগ বিদেশি মালিকানাধীন কোম্পানিকে একশত কোটি টাকা বা এর কম মূলধন উত্তোলনের ক্ষেত্রে কমিশনের অনুমতি গ্রহণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২১১/প্রশাসন/৮৪ তারিখ: ২২ অক্টোবর ২০১৮ |
| ৩. | মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগের বিপরীতে মার্চেন্ট ব্যাংকার কর্তৃক প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২১২ তারিখ: ১০ ডিসেম্বর ২০১৮ |
| ৪. | বাংলাদেশের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কোয়ালিফাইড ইনভেস্টও অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিস) রুলস, ২০১৮ | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০১৬-৩৫২/২১৩/প্রশাসন/৮৫ তারিখ: ২৭ ডিসেম্বর ২০১৮ |

## ৭. কর্পোরেট ফাইন্যান্স

| ক্রমিক | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানির সংখ্যা |
|---|---|---|---|
| ১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares-এর তহবিল ব্যবহার প্রসঙ্গে প্রতিবেদন | IPO/RPO/Rights Issue/ Convertible Preference Shares-এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন কমিশন কর্তৃক গৃহীত হয়েছে। | ০৩ |
| | | IPO/Rights Issue-এর মাধ্যমে উত্তোলিত তহবিলের পরিবর্তিত ব্যবহারের প্রস্তাব কমিশন কর্তৃক গৃহীত হয়েছে। | ০১ |
| ২. | ডিসেম্বর ৩১, ২০১৭ এবং জুন ৩০, ২০১৮ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ দাখিলের সময় বর্ধিতকরণ | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০৫ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৮ |
| | | যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০২ |
| ৩. | জুন ৩০, ২০১৮ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ | বিধিবদ্ধ নিরীক্ষকের ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০২ |
| ৪. | মার্চ ৩১, ২০১৮ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ দাখিলের সময় বর্ধিতকরণ | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০২ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ |
| ৫. | সেপ্টেম্বর ৩০, ২০১৮ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০২ |
| ৬. | জুন ৩০, ২০১৮ তারিখে সমাপ্ত ২য় প্রান্তিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ দাখিলের সময় বর্ধিতকরণ | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০২ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ |
| ৭. | সেপ্টেম্বর ৩০, ২০১৮ তারিখে সমাপ্ত ৩য় প্রান্তিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীসমূহ দাখিলের সময় বর্ধিতকরণ | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ |
| ৮. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ | সম্মতি দেয়া হয়েছে। | ০৮ |
| | | সম্মতি দেয়া হয়নি। | ০২ |
| ৯. | কর্পোরেট গভর্ন্যান্স কোড | কর্পোরেট গভর্ন্যান্স কোডের শর্ত পরিপালন না করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |

# ৮. ক্যাপিটাল ইস্যু

- মূলধন উত্তোলনের অনুমোদনপ্রাপ্ত প্রাইভেট লিমিটেড কোম্পানিসমূহের তালিকা :

| ক্রমিক | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | টাকা |
|---|---|---|---|
| ১ | ভিআইপি ইন্ডাস্ট্রিজ বিডি ম্যানুফেকচারিং প্রাইভেট লি. | ০২.১০.২০১৮ | ৮২,৯০০,০০০ |
| ২ | এপিআর এনার্জি বাংলাদেশ লি. | ০৩.১০.২০১৮ | ৫,৪০০,০০০,০০০ |
| ৩ | ডিএইচএল ওয়ার্ল্ড ওয়াইড এক্সপ্রেস (বাংলাদেশ) প্রাইভেট লি. | ০৪.১০.২০১৮ | ২০৫,০০০,০০০ |
| ৪ | রিমসো ব্যাটারী এন্ড কোম্পানি প্রাইভেট লি. | ১৪.১০.২০১৮ | ১৫০,৫৫০,০০০ |
| ৫ | রবার্ট বোস (বাংলাদেশ) লি. | ১৮.১০.২০১৮ | ৭৮,২০০,০০০ |
| ৬ | নাহিদ ফাইন টেক্স লি. | ২১.১০.২০১৮ | ৫৯০,০০০,০০০ |
| ৭ | প্রোগ্রেস এ্যাপারেলস (বাংলাদেশ) লি. | ২১.১০.২০১৮ | ১২০,০০০,০০০ |
| ৮ | গ্লাফ ওয়েল বাংলাদেশ লি. | ২৩.১০.২০১৮ | ১৪৩,০৪০,০০০ |
| ৯ | আকটিও বাংলাদেশ লি. | ২৪.১০.২০১৮ | ৬০,০০০,০০০ |
| ১০ | কনফিডেন্স পাওয়ার বগুড়া ইউনিট-২ লি. | ২৫.১০.২০১৮ | ৩০০,০০০,০০০ |
| ১১ | রাইজিং টেক্স প্রাইভেট লি. | ৩১.১০.২০১৮ | ৩৫০,১০০,০০০ |
| ১২ | এসকিউ বিরিকিনা লি. | ৩১.১০.২০১৮ | ১,০০০,০০০,০০০ |
| ১৩ | বিক্রয়.কম. লি. | ০১.১১.২০১৮ | ৪৬২,০১৭,০০০ |
| ১৪ | ক্রিড এশিয়া বিডি কোম্পানি লি. | ০৬.১১.২০১৮ | ১০১,৩৭৪,৪০০ |
| ১৫ | ডনপ্পন পেইন্ট (বাংলাদেশ) প্রাইভেট লি. | ১১.১১.২০১৮ | ১,০০০,০০০,০০০ |
| ১৬ | এক্সপো ফ্রেইট লি. | ১১.১১.২০১৮ | ২১,৩৭৫,০০০ |
| ১৭ | ইউনিক ইনফোওয়ে লি. | ১৩.১১.২০১৮ | ৩৯৯,০০০,০০০ |
| ১৮ | সমাহার সোয়েটারস লি. | ১৪.১১.২০১৮ | ২৫০,০০০,০০০ |
| ১৯ | বীজ বাংলা মিডিয়া লি. | ১৫.১১.২০১৮ | ১২৫,০০০,০০০ |
| ২০ | টিআইসি ম্যানুফেকচারিং (বাংলাদেশ) লি. | ১৮.১১.২০১৮ | ১৬২,০০০,০০০ |
| ২১ | কনফিডেন্স পাওয়ার রংপুর লি. | ০২.১২.২০১৮ | ৩০০,০০০,০০০ |
| ২২ | কনফিডেন্স পাওয়ার বগুড়া লি. | ০২.১২.২০১৮ | ৩০০,০০০,০০০ |
| ২৩ | পিডিলিট স্পেশালি ক্যামিকেল বাংলাদেশ প্রাইভেট লি. | ০২.১২.২০১৮ | ১৭,২০০ |
| ২৪ | নতুন বিদ্যুৎ (বাংলাদেশ) লি. | ১২.১২.২০১৮ | ২,০৫৪,৩৬৬,৭৫০ |
| ২৫ | জেসন ফার্মাসিউটিকেল্স লি. | ১৩.১২.২০১৮ | ৬৪০,০০০,০০০ |
| ২৬ | বাংলাদেশ স্মার্ট ইলেকট্রিকেল কোম্পানি লি. | ১৭.১২.২০১৬ | ২৮৬,০০০,০০০ |
| ২৭ | শিপ আচি মেডিকেল সার্ভিস লি. | ১৮.১২.২০১৮ | ৫৫৪,০০০,০০০ |
| ২৮ | এক্সাকো লি. | ২৩.১২.২০১৮ | ৩১৬,০০০,০০০ |
| ২৯ | এমজেডএম (সিইপিজেড) লি. | ২৭.১২.২০১৮ | ১৯৭,০০০,০০০ |
| ৩০ | সিম্পা সোলার পাওয়ার লি. | ৩১.১২.২০১৮ | ২২২,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **১৫,৮৬৯,৯৪০,৩৫০** |

- **মূলধন উত্তোলনের অনুমোদনপ্রাপ্ত পাবলিক লিমিটেড কোম্পানিসমূহের তালিকা :**

| ক্রমিক | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | টাকা |
|---|---|---|---|
| ১ | ইউনিক্যাপ ইনভেস্টমেন্ট লি. | ০২.১০.২০১৮ | ২৫০,০০০,০০০ |
| ২ | বাটারফ্লাই ম্যানুফেকচারিং কোম্পানি লি. | ০৯.১০.২০১৮ | ৫০৭,৫১৫,০০০ |
| ৩ | ইউনিয়ন ব্যাংক লি. | ১৮.১০.২০১৮ | ৫৬৪,৯৬০,০০০ |
| ৪ | ডাটা এডজ লি. | ২৪.১০.২০১৮ | ৪১,২৬৩,৯৯০ |
| ৫ | ইডটকো বাংলাদেশ কোম্পানি লি. | ২৯.১০.২০১৮ | ৫,৩৭৩,৮২৬,৮৯০ |
| ৬ | ইসলামী ব্যাংক ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি. | ০৫.১১.২০১৮ | ৩০০,০০০,০০০ |
| ৭ | এসএস পাওয়ার-১ লি. | ০৮.১১.২০১৮ | ৭৮০,৬৯৯,৯৯০ |
| ৮ | ফেনী লংকা পাওয়ার লি. | ২০.১১.২০১৮ | ২,২৭৬,৪০০,০০০ |
| ৯ | এআইবিএল ক্যাপিটাল মার্কেট সার্ভিস লি. | ২২.১১.২০১৮ | ২,০০০,০০০,০০০ |
| ১০ | সোনালী ব্যাংক লি. | ২০.১২.২০১৮ | ৪,০০০,০০০,০০০ |
| ১১ | পিএইচপি ইন্টিগ্রেটেড স্টিল মিল্‌স লি. | ২৬.১২.২০১৮ | ১,৭৪৫,০০০,০০০ |
| ১২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ক্যাপিটাল এ্যান্ড ইনভেস্টমেন্ট লি. | ২৭.১২.২০১৮ | ৫৮,৮৫০,০০০ |
| ১৩ | ডোমিনেজ স্টিল বিল্ডিং সিস্টেমস লি. | ৩১.১২.২০১৮ | ৫৫১,৬৭৮,৩০০ |
| | **মোট টাকা** | | **১৮,৪৫০,১৯৪,১৭০** |

- **বন্ড ও ডিবেঞ্চার ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদনপ্রাপ্ত কোম্পানিগুলোর তালিকা :**

| ক্রমিক | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | টাকা |
|---|---|---|---|
| ১ | লংকা বাংলা সিকিউরিটিজ লি. | ০৮.১০.২০১৮ | ১,৫০০,০০০,০০০ |
| ২ | ট্রাস্ট ব্যাংক লি. | ১১.১০.২০১৮ | ৫,০০০,০০০,০০০ |
| ৩ | আইপিডিসি ফাইন্যান্স লি. | ১১.১০.২০১৮ | ১,০০০,০০০,০০০ |
| ৪ | জনতা ব্যাংক লি. | ১৬.১০.২০১৮ | ১৫,০০০,০০০,০০০ |
| ৫ | ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক লি. | ০৬.১১.২০১৮ | ৮,০০০,০০০,০০০ |
| ৬ | শাহাজালাল ইসলামী ব্যাংক লি. | ০৬.১১.২০১৮ | ৬,০০০,০০০,০০০ |
| ৭ | লংকা বাংলা ফাইন্যান্স লি. | ২৭.১১.২০১৮ | ৩,০০০,০০০,০০০ |
| ৮ | ইস্টার্ন ব্যাংক লি. | ১১.১২.২০১৮ | ৫,০০০,০০০,০০০ |
| ৯ | ইউনিয়ন ব্যাংক লি. | ২০.১২.২০১৮ | ৪,০০০,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **৪৮,৫০০,০০০,০০০** |

- **প্রসপেক্টাস প্রকাশের অনুমোদিত কোম্পানির বিবরণী:**

| ক্রমিক | কোম্পানির নাম | সম্মতিপত্র প্রদানের তারিখ | ইস্যু মূল্য (টাকা) | আইপিও টাকা (প্রিমিয়ামসহ যদি থাকে) টাকা |
|---|---|---|---|---|
| ১. | এস.এস. স্টিল লিমিটেড | ০১-১০-২০১৮ | ১০.০০ | ২৫,০০,০০,০০০ |
| ২. | জেনেক্স ইনফোসিস লিমিটেড | ২৩-১০-২০১৮ | ১০.০০ | ২০,০০,০০,০০০ |
| ৩. | এস্কয়ার নীট কম্পোজিট লিমিটেড | ১১-১২-২০১৮ | ৪৫.০০ (যোগ্য বিনিয়োগকারী)<br>৪০.০০ (সাধারণ বিনিয়োগকারী) | |

# ৯. সার্ভেল্যান্স

## দৈনন্দিন বাজার সার্ভেল্যান্স :

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেল্যান্স-এর অংশ হিসেবে সার্ভেল্যান্স বিভাগের কর্মকর্তাগণ স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকাণ্ডের ক্ষেত্রে কোনো অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থি কোনো কিছু ঘটে থাকলে তা কমিশনের সার্ভেল্যান্স সিস্টেম 'InstantWatch Market' ব্যবহারপূর্বক পর্যবেক্ষণ ও তদারকির মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরি করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

## তদন্ত ও অনুসন্ধান :

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন-কানুনের প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। অক্টোবর-ডিসেম্বর ২০১৮ সময়কালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সার্ভেল্যান্স বিভাগ কর্তৃক শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নোক্ত তদন্ত কার্যক্রম পরিচালিত হয়। এছাড়া, উক্ত সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) সিকিউরিটিজ লেনদেন সম্পর্কিত নিম্নবর্ণিত অনুসন্ধান প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করেছে:

### ক. তদন্ত

| ক্রমিক | তদন্তের ধরন | তদন্তকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | নর্দান জুট ম্যানুফ্যাকচারিং, ইনফরমেশন সার্ভিসেস নেটওয়ার্ক লি. ফাইন ফুডস এবং স্টাইল ক্রাফট লিমিটেড এর অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের বিষয়ে তদন্ত প্রসঙ্গে | বিএসইসি |

### খ. অনুসন্ধান

| ক্রমিক | অনুসন্ধানের ধরন | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | ০৩ জুলাই ২০১৮ থেকে ২৯ জুলাই ২০১৮ এবং ০১ জানুয়ারি ২০১৮ থেকে ১৭ সেপ্টেম্বর ২০১৮ সময়কালে সায়হাম টেক্সাইল মিলস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০২ | ০২ জুলাই ২০১৮ থেকে ১০ জুলাই ২০১৮ সময়কালে প্যাসিফিক ডেনিম লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৩ | ০৮ আগস্ট ২০১৮ থেকে ১৩ আগস্ট ২০১৮ সময়কালে ন্যাশনাল লাইফ ইন্সুরেন্স লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৪ | ২৯ মে ২০১৮ থেকে ২৪ জুন ২০১৮ সময়কালে খুলনা পাওয়ার কোম্পানি লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |

| ক্রমিক | অনুসন্ধানের ধরন | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৫ | ০৩ জুলাই ২০১৮ থেকে ২৪ জুলাই ২০১৮ সময়কালে আজিজ পাইপস লি.-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৬ | ২৯ মে ২০১৮ থেকে ২১ জুন ২০১৮ সময়কালে কে এন্ড কিউ লিমিটেড-এর লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৭ | ০৪ জুলাই ২০১৮ থেকে ১০ জুলাই ২০১৮ সময়কালে সিনো বাংলা ইন্ড্রাস্টিজ লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৮ | ১১ সেপ্টেম্বর ২০১৮ সময়কালে মাইডাস ফাইন্যান্স লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ০৯ | ১৪ মার্চ ২০১৮ থেকে ০৫ এপ্রিল ২০১৮ সময়কালে ওয়াটা ক্যামিকেল লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১০ | ০৪ জুলাই ২০১৮ থেকে ১০ সেপ্টেম্বর ২০১৮ সময়কালে নাহী অ্যালুমিনিয়াম কম্পোজিট প্যানেল লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১১ | ০৬ জুন ২০১৮ থেকে ০৩ জুলাই ২০১৮ সময়কালে ইউনাইটেড পাওয়ার জেনারেশন ও ডিস্ট্রিবিউশন লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১২ | ১৬ জুলাই ২০১৮ থেকে ১০ অক্টোবর ২০১৮ সময়কালে ইনটেক লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৩ | ২৯ আগস্ট ২০১৮ থেকে ১০ অক্টোবর ২০১৮ সময়কালে খুলনা পাওয়ার কোম্পানি লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৪ | ১১ জুন ২০১৮ থেকে ২৭ জুন ২০১৮ এবং ১১ জুন ২০০১৮ থেকে ১৭ জুলাই ২০১৮ সময়কালে আইটি কনসালটেন্ট লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৫ | ০২ জুলাই ২০১৮ থেকে ১১ অক্টোবর ২০১৮ এবং ১২ আগস্ট ২০১৮ থেকে ০৫ সেপ্টেম্বর ২০১৮ সময়কালে নর্দান জুট ম্যানুফেকচারিং লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৬ | ২৩ সেপ্টেম্বর ২০১৮ থেকে ২৯ নভেম্বর ২০১৮ সময়কালে ইনফরমেশন সার্ভিসেস নেটওয়ার্ক লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৭ | ০৯ সেপ্টেম্বর ২০১৮ থেকে ০১ অক্টোবর ২০১৮ এবং ০১ অক্টোবর ২০১৮ থেকে ১৫ অক্টোবর ২০১৮ সময়কালে স্টাইল ক্রাফট লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৮ | ২৮ অক্টোবর ২০১৮ থেকে ১১ নভেম্বর ২০১৮ সময়কালে ফাইন ফুডস লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ১৯ | ১৫ অক্টোবর ২০১৮ থেকে ০২ ডিসেম্বর ২০১৮ সময়কালে নর্দান জুট ম্যানুফেকচারিং লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |
| ২০ | ০৫ নভেম্বর ২০১৮ থেকে ১৯ নভেম্বর ২০১৮ এবং ০২ অক্টোবর ২০১৮ থেকে ০২ নভেম্বর ২০১৮ এবং ২০ নভেম্বর ২০১৮ থেকে ০২ ডিসেম্বর ২০১৮ সময়কালে স্টাইল ক্রাফট লিমিটেড-এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে | ডিএসই |

অক্টোবর–ডিসেম্বর ২০১৮ সময়কালে 'InstantWatch' market surveillance system এ যেসব শর্ট-সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট-এর উপর অনুসন্ধানপূর্বক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। উল্লিখিত সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন পরীক্ষান্তে ৫৫ (পঞ্চান্ন) টি স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল এর প্রমাণ পাওয়ায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।

# ১০. নিবন্ধন

নিবন্ধন বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংক, ক্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়াল-এর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে থাকে। এ সময়ে নিম্নোক্ত সনদ ইস্যু ও নবায়ন করা হয়েছে:

| ক্রমিক | ইস্যুকৃত সনদের ধরন | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | শাখা অনুমোদন | অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|
| ০১. | স্টক ডিলার (i) | ০০ (ডিএসই) | ৬৩ | ০১ | ০৫ |
| | | ০০ (সিএসই) | ২৫ | -- | -- |
| ০২. | স্টক ব্রোকার (i) | ০১ (সিএসই) | ৬২ | | -- |
| | | ০০ (সিএসই) | ২৯ | -- | -- |
| ০৩. | অনুমোদিত প্রতিনিধি (i) | ১৫৩ (ডিএসই) | ১৭৩ | -- | -- |
| | | ০৪ (সিএসই) | ২৫ | -- | -- |
| ০৪. | মার্চেন্ট ব্যাংক (ii) | -- | -- | -- | -- |
| ০৫. | সম্পদ ব্যবস্থাপক (iii) | ০১ | -- | -- | -- |
| ০৬. | সিকিউরিটি কাস্টডিয়ান (iv) | -- | -- | -- | -- |
| ০৭. | ডিপজিটরি অংশগ্রহণকারী (v) | ০৪ (সিডিবিএল) | ৮৫ | -- | -- |
